The New Nation



DU Law Department hosts a lecture titled Constitutional Law and Democratic Backsliding held on its campus on Wednesday. ■ NN photo

আলোকিত বাংলাদেশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশেষ আইন বক্তৃতা

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদের উদ্যোগে গতকাল বুধবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে 'Constitutional Law and Democratic Backsliding' শীর্ষক একটি বিশেষ আইন বক্তৃতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব শিকাগো-এর ল' স্কুলের খ্যাতনামা সংবিধান বিশেষজ্ঞ অধ্যাপক টম গিনবার্গ (Tom Ginsburg)। অনুষ্ঠানটির উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হক। ধন্যবাদ জ্ঞাপন করেন আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রেজিয়ুল ইসলাম।
এসময় দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদ ও বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, এই আয়োজনটি মূলত জ্ঞানচর্চার এক মহৎ উদ্যোগ। সংবিধান ও সাংবিধানিক আইনের ক্ষেত্রে বিশ্বরেণ্য পণ্ডিত অধ্যাপক টম গিনবার্গকে কেন্দ্র করে আজকের এই জনবক্তৃতা বিশেষ তাৎপর্য বহন করে। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

The Dhaka Tribune

DU holds lecture on constitutional law, democratic backsliding

DU Correspondent

Dhaka University's Faculty of Law yesterday hosted a special lecture titled "Constitutional Law and Democratic Backsliding" at the Nawab Nawab Ali Chowdhury Senate Bhaban auditorium.

Professor Tom Ginsburg, a constitutional law expert from the University of Chicago Law School, delivered the keynote address.

The program was inaugurated by Dhaka University Vice Chancellor Professor Dr Niaz Ahmed Khan, while Professor Dr Ekramul Haque, dean of the Faculty of Law, presided. Faculty members and students from law faculties and departments of various public and private universities across Bangladesh attended.

Speaking at the event, the DU VC called the initiative a noble celebration of knowledge cultivation. He described Professor Ginsburg as a globally renowned scholar who has successfully bridged theory and practice. "Constitutional law is not merely a subject of conceptual discussion; its real-life application and effectiveness are central to Professor Ginsburg's research."



Speakers at a special lecture hosted by the DU Faculty of Law yesterday. Professor Tom Ginsburg, a constitutional law expert from the University of Chicago Law School, delivered the keynote address

DHAKA TRIBUNE

Niaz said Bangladesh is passing through a critical period, with constitutional and related reforms following the July uprising gradually taking institutional shape. He cited the upcoming February 12 election and the proposed referendum as key examples of this reform process and expressed hope that Ginsburg's lecture would provide valuable guidance.

The VC added that legal education and practice are now closely connected to everyday life. "While maintaining its traditional dignity and solemnity, law plays an important role in society's daily reality. This makes the social responsibility of legal education extremely important," he said.

He expressed hope that the engagement with Professor Ginsburg would develop into a long-term collaboration and that the message of Wednesday's lecture would reach beyond Bangladesh.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

নয়া দিগন্ত



ঢাবিতে নবায়নযোগ্য জ্বালানির রূপান্তর বিষয়ক সিম্পোজিয়াম

The New Age



DU holds symposium on renewable energy conversion

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৪ পৌষ ১৪৩২

DU in Media

08 January 2026

সংগ্রাম



আমীরে জামায়াতের সঙ্গে ঢাবি ভিসির সৌজন্য সাক্ষাৎ

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানের সঙ্গে তাঁর বসুন্ধরাস্থ কার্যালয়ে গত মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান সৌজন্য সাক্ষাৎ করেন।

আসন্ন অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এ সুযোগকালে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্থিতিশীলতা, নিরাপত্তা ও শিক্ষা-বান্ধব পরিবেশসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

সাক্ষাৎকালে নির্বাচন-পূর্ব সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা, শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা, শিক্ষা ও গবেষণা কার্যক্রমের ধারাবাহিক অগ্রগতি, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ এবং শিক্ষার্থীদের কল্যাণে গৃহীত বিভিন্ন উদ্যোগ সম্পর্কে সম্মানিত উপাচার্য মহোদয় বিস্তারিতভাবে আলোকপাত করেন।

এ প্রসঙ্গে আমীরে জামায়াত বলেন, জাতীয় জীবনের এই গুরুত্বপূর্ণ সময়ে দেশের সর্বাধিক বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা অত্যন্ত জরুরি। শিক্ষা, গবেষণা ও শিক্ষার্থীদের ভবিষ্যৎ যেন কোনোভাবেই ব্যাহত না হয়—এটি আমাদের সবার সম্মিলিত দায়িত্ব। তিনি আরও বলেন, আমাদের পক্ষ থেকে গঠনমূলক ও ইতিবাচক সহযোগিতা অব্যাহত থাকবে ইনশাআল্লাহ। দেশ, শিক্ষা ও তরুণ প্রজন্মের কল্যাণে সকল পক্ষের দায়িত্বশীল ভূমিকা তিনি প্রত্যাশা করেন।

Time of Bangladesh

DU VC meets Jamaat ameer

TIMES Report Dhaka

As part of a series of consultations with political leaders ahead of the upcoming parliamentary election, and with a view to ensuring stability on university campuses and maintaining an overall conducive academic environment, Dhaka University Vice-Chancellor Prof Niaz Ahmed Khan held a meeting with Jamaat-e-Islami Ameer Shafiqur Rahman on Tuesday.

It may be noted that the vice-chancellor met BNP acting Chairman Tarique Rahman on Monday.

During the meeting, Prof Niaz Ahmed Khan briefed the ameer on various issues, including overall campus security and stability ahead of the national election, the progress of the University of Dhaka's major development projects and other ongoing initiatives, the post-Duosu election situation, education and research activities, the university's advancement in international rankings, and several recent measures undertaken for the welfare of students.

At the meeting, the vice-chancellor emphasised that ensuring stability at the University of Dhaka is of utmost importance in the context of the national election. He sought the advice and cooperation of the Jamaat-e-Islami ameer in maintaining overall campus stability, advancing education and research, and supporting infrastructural and other development initiatives.

In response, the ameer assured his full possible cooperation in this regard.

বাংলাদেশ প্রতিদিন

ব্যস্ত সময় জামায়াত আমিরের

ইইউ প্রতিনিধিদলের বৈঠক ঢাবি ভিসির সৌজন্য সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

ব্যস্ত সময় পার করছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বিদেশি কূটনীতিক, পর্যবেক্ষক এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, জোট নেতা ও দলীয় শীর্ষ নেতাদের সঙ্গে মতবিনিময় করে দিন পার করছেন তিনি। গতকালও জামায়াত আমিরের বসুন্ধরা কার্যালয়ে ইউরোপীয় এক্টেটার্নাল অ্যাকশন সার্ভিসের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিভাগের পরিচালক পাওলা পাম্পালোনির সঙ্গে বৈঠক করেন। এ সময় তাঁর সঙ্গে আরও ছিলেন ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার এবং ইউরোপীয় এক্টেটার্নাল অ্যাকশন সার্ভিসের দক্ষিণ এশিয়া বিভাগ উপপ্রধান মনিকা বাইলাইটে।

এ সময় জামায়াত আমিরের সঙ্গে ছিলেন

একাদশ পৃষ্ঠা ১৯ কলাম ৪

ব্যস্ত সময় জামায়াত

প্রথম পৃষ্ঠার পর

আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের, সমকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির এবং জামায়াত আমিরের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মাহমুদুল হাসান।

বৈঠক শেষে এক সংক্ষিপ্ত প্রেস ব্রিফিংয়ে ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের বলেন, আগামী নির্বাচনে পর্যবেক্ষক পাঠানো ও রোহিঙ্গা ইস্যু নিয়ে ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে আলোচনা হয়েছে। আমরা বলেছি, বাংলাদেশে একটি জাস্ট এবং বিশ্বাসযোগ্য নির্বাচন অত্যন্ত জরুরি। গত ৫৫ বছরে বাংলাদেশে যে সংকট তৈরি হয়েছে তা উত্তরণের জন্য প্রয়োজন একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন। যদি আগামী নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ না হয় তাহলে ক্রাইসিস শেষ হবে না বরং ক্রাইসিস আবার নতুন করে তৈরি হবে, সংকট আরও গভীরতর হবে, এ আশঙ্কার কথা আমরা তাদের স্পষ্টভাবে বলেছি। তিনি আরও বলেন, গত এক দুই সপ্তাহ ধরে সরকার ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেভাবে একটি বিশেষ দলের প্রতি ঝুঁকে পড়েছে এবং প্রশাসন যেভাবে একটা দলের প্রতি আনুগত্য দেখাচ্ছে এতে আশঙ্কা তৈরি হয়েছে আগামী নির্বাচন অতীতের পাতানো নির্বাচনগুলোর মতো হবে কি না? আমরা মনে করি এ ধরনের পাতানো নির্বাচন বাংলাদেশকে ধ্বংসের দিকে নিয়ে যাবে। আমরা নির্বাচন কমিশন, সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন করছি তারা যেন এখনই এ ব্যাপারে সতর্ক হয়ে বাংলাদেশকে রক্ষার জন্য নিরপেক্ষভাবে ভূমিকা পালন করে। ডা. তাহের বলেন, ইউরোপীয় ইউনিয়ন আমাদের বলেছে, আগামী নির্বাচনে তারা পর্যবেক্ষক পাঠাবেন এবং এ ব্যাপারে আমরা তাদের স্বাগত জানিয়েছি। এদিকে গত মঙ্গলবার সন্ধ্যায় জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে তাঁর বসুন্ধরা কার্যালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে নির্বাচন-পূর্ব সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা, শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা, শিক্ষা ও গবেষণা কার্যক্রমের ধারাবাহিক অগ্রগতি, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ এবং শিক্ষার্থীদের কল্যাণে নেওয়া বিভিন্ন উদ্যোগ সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন উপাচার্য।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৪ পৌষ ১৪৩২

DU in Media

08 January 2026

The Country Today



16th National Science Debate Festival begins at DU

DU Correspondent

The 4-day long 16th National Science Debate Festival began on Wednesday at Fazlul Haque Muslim Hall, Dhaka University, with the slogan "Welcome to the healthy world built with collective determination / Come to the festival of light to end the darkness, friends." Dhaka University Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed inaugurated the festival as the chief guest.

The inaugural ceremony was presided over by Alamin Bijoy, President of Fazlul Haque Muslim Hall Debating Club. Hall Provost Prof Dr. Md. Ilias Al-Mamun, Debating Club Moderator Shahin Parvez, Fazlul Haque Muslim Hall Sangsad Treasurer Dr. Al Amin Sikder, Hall Resident Teacher Dr. Sheikh Zahir Raihan, **Continued to page 2**

16th National Science

DUCSU Science Secretary Md. Iqbal Haider and Dhaka University Debating Society General Secretary Ragib Anjum were present. Hall Debating Club General Secretary Md. Imamul Hasan conducted the program.

Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed said that such an event is not just an event; it is an important platform for scientific knowledge exchange, collaboration and innovation.

বাংলা ট্রিবিউন

ঢাবিতে ষোড়শ জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব শুরু

ঢাবি প্রতিনিধি



'যুথবদ্ধ সংকল্পে গড়া নীরোগ পৃথিবীতে থাকত এবার আঁধার সমাপনে আলোর উৎসবে এসো বন্ধু আবার'—এই স্লোগানকে সামনে রেখে চার দিনব্যাপী ষোড়শ জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব শুরু হয়েছে। বুধবার (৭ জানুয়ারি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ফজলুল হক মুসলিম হলে এ উৎসবের উদ্বোধন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উৎসবের উদ্বোধন করেন।

ফজলুল হক মুসলিম হল ডিবেটিং ক্লাবের সভাপতি আলামিন বিজয়ের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ইলিয়াস আল-মামুন, ডিবেটিং ক্লাবের মডারেটর শাহিন পারভেজ, ফজলুল হক মুসলিম হল সংসদের কোষাধ্যক্ষ ড. আল আমিন শিকদার, হলের আবাসিক শিক্ষক ড. শেখ জহির রায়হান, ডাকসুর বিজ্ঞান বিষয়ক সম্পাদক মো. ইকবাল হায়দার এবং ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সাধারণ সম্পাদক রাগিব আনজুম। অনুষ্ঠান সঞ্চালনা করেন হল ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মো. ইমামুল হাসান।

উদ্বোধনী বক্তব্যে অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, এ ধরনের আয়োজন কেবল একটি অনুষ্ঠান নয়, এটি বৈজ্ঞানিক জ্ঞান বিনিময়, সহযোগিতা ও উদ্ভাবনের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, ভবিষ্যতের বৈজ্ঞানিক অগ্রযাত্রার নেতৃত্ব দেবে আজকের প্রজন্ম। এজন্য তাদের মধ্যে সৃজনশীলতা ও গবেষণামুখী মানসিকতা গড়ে তোলা অত্যন্ত জরুরি। এ ক্ষেত্রে ফজলুল হক মুসলিম হল ডিবেটিং ক্লাব প্রশংসনীয় ভূমিকা রেখে চলেছে।

পরে একটি গাছের চারা রোপণের মাধ্যমে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন তিনি।

উৎসবের প্রথম জুল পর্যায়ের বিতর্ক অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার কলেজ পর্যায়ের এবং ৯ জানুয়ারি শুক্রবার বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতর্ক অনুষ্ঠিত হবে। আগামী ১০ জানুয়ারি শনিবার ফাইনাল বিতর্ক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শেষ হবে।

বণিক বার্তা

ঢাবি মার্কেটিং ক্লাবের উদ্যোগে শুরু হচ্ছে স্কিল ফ্যাক্টরি সিজন ৮

ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেটিং ক্লাব (ডিইউএমএআরসি) বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে 'স্কিনক্যাফে প্রেজেন্টস স্কিল ফ্যাক্টরি সিজন ০৮' শীর্ষক ফ্ল্যাগশিপ বিজনেস কেইস কম্পিটিশনের আয়োজন করতে যাচ্ছে। এ উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের বাস্তবভিত্তিক দক্ষতা ও করপোরেট প্রস্তুতির সুযোগ করে দেয়া হবে।

সাতটি সফল পর্বের অভিজ্ঞতা নিয়ে স্কিল ফ্যাক্টরি সিজন ০৮-এ আরো বেশি প্রায়োগিক, কেসভিত্তিক ও ফলাফল কেন্দ্রিকভাবে পরিচালিত হবে। স্কিনক্যাফের স্পন্সরশিপে আয়োজিত প্রোগ্রামটি শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞানের পাশাপাশি বাস্তব ব্যবসায়িক চিন্তাধারা ও সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা গড়ে তুলতে সহায়তা করবে।

স্কিল ফ্যাক্টরি সিজন ০৮-এ মোট চারটি ইন্টার-অ্যাকটিভ অধিবেশন অনুষ্ঠিত হবে, যা অনলাইন ও অফলাইন উভয় মাধ্যমেই পরিচালিত হবে। অধিবেশনগুলো অংশগ্রহণকারীদের কেস বিশ্লেষণ, মার্কেটিং দৃষ্টিকোণ ও কৌশলগত চিন্তাশীলতায় দক্ষ করে তুলবে।

অধিবেশন ১ (কেইস ক্রেকিং)-এ থাকছে বাস্তব ব্যবসায়িক কেস বিশ্লেষণ, সমস্যা শনাক্তকরণ ও কার্যকর সমাধান তৈরির কৌশল। অধিবেশন ২ (৩৬০ ডিগ্রি মার্কেটিং)-এ আধুনিক মার্কেটিংয়ের সমন্বিত দৃষ্টিভঙ্গি, কনজিউমার ইনসাইট ও ব্র্যান্ড স্ট্র্যাটেজি। এছাড়া অধিবেশন ৩ ও ৪ শিগগিরই প্রকাশ করা হবে।

অধিবেশন শেষে অংশগ্রহণকারীদের টিমভিত্তিক বিষয়বস্তুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি ব্র্যান্ডভিত্তিক কেস দেয়া হবে, যা প্রতিযোগিতা পর্বের ভিত্তি হিসেবে কাজ করবে। প্রতিযোগিতাটি তিনটি ধাপে অনুষ্ঠিত হবে—অনলাইন নির্বাচনী রাউন্ড, বিশেষজ্ঞ মূল্যায়িত অনলাইন ভিডিও কেস (ওভিসি) ও লাইভ চূড়ান্ত কেস উপস্থাপনা। এখানে অংশগ্রহণকারীদের মূল্যায়ন করা হবে তাদের বিশ্লেষণী ক্ষমতা, সৃজনশীলতা, কৌশলগত চিন্তাভাবনা ও প্রেজেন্টেশন দক্ষতার ওপর। প্রোগ্রামটির মোট প্রাইজ পুল ৩৫ হাজার টাকা, যা সেরা টিমগুলোর মধ্যে দেয়া হবে। —বিজ্ঞপ্তি

যায়যায়দিন



সমকাল



রং-তুলির আঁচড়ে
বন্ধুত্বের জয়গান